



www.brdb.gov.bd

পল্লী পারিক্রমা

মার্চ ২০১৯ বর্ষ ৩ সংখ্যা ৬

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম...

মহাপরিচালক, বিআরডিবি, ঢাকাকে ২
গ্রেড-১ পদে পদোন্নতি প্রদান

রংপুরে উদকনিক প্রকল্পের ৩
অবহিতকরণ প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন

বিআরডিবি'র সদর কার্যালয়ে বিভিন্ন ৪
প্রশিক্ষণ কার্যক্রম শুরু

বিআরডিবি'র সদর কার্যালয়ে ৫
গণশুনানী অনুষ্ঠিত

পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ৭
গ্রামীণ অবকাঠামো নির্মাণে সাফল্য

মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীকে ৮
ফুলেল শুভেচ্ছা প্রদান

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং ডিজি, বিআরডিবি'র নেতৃত্বে ভাসানচর পরিদর্শন



ভাসানচরে রোহিঙ্গাদের প্রত্যাশন এবং তাদের আর্থ-সামাজিক অবস্থা ও জীবন মান উন্নয়নের লক্ষ্যে একটি যুগোপযোগী প্রকল্প প্রণয়নের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার এর নেতৃত্বে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারসহ আওতাধীন দপ্তর ও সংস্থা প্রধানদের সমন্বয়ে একটি টিম সরেজমিনে ভাসানচর পরিদর্শন করেন।

মহাপরিচালকের বার্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অনলাইন নিউজলেটার বিআরডিবি 'পল্লী পরিক্রমা' এর মার্চ ২০১৯ সংখ্যা প্রকাশিত হ'ল। এ দায়িত্বপূর্ণ কাজটি সাফল্যের সঙ্গে নিয়মিতভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই। জাতির পিতার ক্ষুধা-দারিদ্র্য-অশিক্ষা এবং বঞ্চনামুক্ত 'সোনার বাংলাদেশ' বিনির্মানের লালিত স্বপ্ন বাস্তবায়নে বিআরডিবি'র কর্মী ও সুফলভোগীরা একাত্ম হয়ে কাজ



জাতীয় শুদ্ধাচার কৌশল এর অংশ হিসেবে বিআরডিবি অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে গত ১৯/০৩/২০১৯ খ্রি. তারিখে বিআরডিবিতে অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। এছাড়া গত ২০/০৩/ ২০১৯ খ্রি. তারিখে বিআরডিবিতে অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায়ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার মহোদয়কে গ্রেড-১ এ পদোন্নতি প্রদান



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বিআরডিবি'র মহাপরিচালক এর পদটি গ্রেড-১ ভুক্ত পদ। উক্ত মহাপরিচালক পদে কর্মরত জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারকে গত ৩১/০৩/২০১৯ খ্রি. তারিখে সরকারি গ্রেড-১ ভুক্ত পদে পদোন্নতি প্রদানপূর্বক গেজেট জারি করেছে। তিনি গত ৩১/০৩/২০১৯ খ্রি. তারিখে পুনরায় মহাপরিচালক (গ্রেড-১) পদে যোগদান করেন।



বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মাসিক অনলাইন নিউজলেটার

পঞ্জী পরিক্রমা

মার্চ ২০১৯ বর্ষ ৩ সংখ্যা ৬

রংপুর জেলায় উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি-২য় পর্যায় এর প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ ও অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত



রংপুর জেলায় শীতল কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি-২য় পর্যায় এর প্রশিক্ষণ ও অবহিতকরণ কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা প্রদান করছেন জনাব মুহাম্মদ মঈদুদউর রশীদ সফদার, মহাপরিচালক, বিআরডিবি।



রংপুর জেলায় শীতল কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি-২য় পর্যায় এর প্রশিক্ষণ ও অবহিতকরণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানটি উদ্বোধন করছেন জনাব মুহাম্মদ মঈদুদউর রশীদ সফদার, মহাপরিচালক, বিআরডিবি।



রংপুর জেলায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি-২য় পর্যায় এর উপকারভোগীদের উপপাদিত পণ্যের স্টল পরিদর্শন করছেন মহাপরিচালক, বিআরডিবি।



রংপুর জেলায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি-২য় পর্যায় এর উপকারভোগীদের উপপাদিত পণ্যের স্টল পরিদর্শন করছেন মহাপরিচালক, বিআরডিবি।



রংপুর জেলায় বিআরডিবি'র কর্মসূচির কর্মকর্তাদের সমন্বয়ে ঋণ কার্যক্রম সংক্রান্ত পর্যালোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহাম্মদ মঈদুদউর রশীদ সফদার।



রংপুর জেলায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন পঞ্জী এর কর্মকর্তাদের সমন্বয়ে ঋণ কার্যক্রম মূল্যায়ন কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহাম্মদ মঈদুদউর রশীদ সফদার।



রাজশাহী বিভাগে পল্লী জীবিকায়ন কর্মসূচির দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন পল্লী জীবিকায়ন কর্মসূচির আওতায় রাজশাহী বিভাগের আওতাধীন সকল জেলার উপপরিচালক, উপজেলা প্রকল্প কর্মকর্তা ও সহকারী প্রকল্প কর্মকর্তাগণের সমন্বয়ের গত ২৬/০১/২০১৯ খ্রি. তারিখে দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার। সভায় সভাপতিত্ব করেন রাজশাহী জেলার উপপরিচালক জনাব এ কে এম জাকিরুল ইসলাম।

বিআরডিবি'র সদর কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত



জেলার উপপরিচালকদের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার।



বিআরডিবি'র জেলা দপ্তরের উপপরিচালক ও অফিস সহকারীদের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার।



জেলার উপপরিচালকদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার।



সিলেট সদর উপজেলায় সমিতিতে ঋণ বিতরণ

জনাব গোলাম ছাব্বুয়ার মোস্তফা, উপপরিচালক, সিলেট প্রধান অতিথি হিসেবে সিলেট সদর উপজেলার উপকারভোগীদের মাঝে মোট ২১.৮৩ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করেন



গাইবান্ধা জেলায় BRDB-HELVETAS কর্তৃক ইউনিয়ন পরিষদের স্থায়ী কমিটি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



BRDB-HELVETAS কর্তৃক বাস্তবায়নায়ী SDC Local Governance Program-Sharique-IV প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের ২দিন ব্যাপী স্থায়ী কমিটি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। HELVETAS -Swiss Inter-Cooperation এর আর্থিক সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক গাইবান্ধা ও বরিশাল জেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ আবদুস সবুর, উপপরিচালক, গাইবান্ধা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় সদর কার্যালয়ে গণশুনানী অনুষ্ঠিত



বিআরডিবি'র জেলা দপ্তরের উপপরিচালক, কর্মকর্তা/কর্মচারী, ইউসিসিএ'র কর্মচারী এবং জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের প্রতিনিধিসহ বিআরডিবি'র অংশীজনদের উপস্থিতিতে ১৯/০৩/২০১৯ খ্রি. তারিখে গণশুনানী অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

কালিয়াকৈর উপজেলায় অনুষ্ঠিত নারী উন্নয়ন মেলায় বিআরডিবি'র নারী উদ্যোক্তাদের তৈরী পণ্য প্রদর্শন



গত ০৮-১০ মার্চ/২০১৯ খ্রি. তারিখে কালিয়াকৈর উপজেলায় নারী উন্নয়ন মেলা অনুষ্ঠিত হয়। উক্ত মেলায় বিআরডিবি'র আওতাধীন সমিতি/দলের নারী উদ্যোক্তাদের উৎপাদিত বস্ত্র ও কুটির শিল্প পণ্য মেলায় প্রদর্শন করার লক্ষ্যে একটি স্টল স্থাপন করা হয়। এসময় উপজেলা নির্বাহী অফিসার জনাব কাজী হাফিজুল আমিনসহ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুস সাত্তার উপস্থিত ছিলেন।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক বিআরডিবি কালিয়াকৈর কর্তৃক আয়োজিত কুটির শিল্প মেলা পরিদর্শন



নারী উদ্যোক্তাদের তৈরী বস্ত্র ও কুটির শিল্প পণ্য মেলা ২০১৯ বিআরডিবি'র স্টল পরিদর্শন করেন জনাব আ ক ম মোজাম্মেল হক, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। এসময় উপজেলা নির্বাহী অফিসার জনাব কাজী হাফিজুল আমিন, মহিলা বিষয়ক অফিসার, ফারহানা ইসলাম, শিক্ষা অফিসার রমিতা ইসলাম, প্রকল্প বাস্তবায়ন অফিসার, আহমেদ রেজা আল মামুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।



নিলফামারী জেলার সদর উপজেলায় সমিতির সদস্যদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



নিলফামারী জেলার সদর উপজেলায় উপজেলা পর্যায়ের কৃষক সমবায় সমিতির ম্যানেজার ও সভাপতিদের উপস্থিতিতে এক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন জেলার উপপরিচালক জনাব মোঃ আব্দুল হান্নান। এছাড়া উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

রাজশাহী জেলায় অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের মাঝে ঋণের চেক প্রদান

রাজশাহী জেলার সদর উপজেলায় উপজেলা পর্যায়ের অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের আত্মকর্মসংস্থানের জন্য বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করা হয়। উক্ত ঋণ বিতরণের চেক প্রদান করেন জেলা প্রশাসক, রাজশাহী ও উপপরিচালক জনাব এ কে এম জাকিরুল ইসলাম।



জেলাদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের বিআরডিবি সদর দপ্তরে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সদর কার্যালয়ে জেলা দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

বান্দরবান সদর উপজেলায় মহিলা কর্মসূচির সমিতির সদস্যদের মাঝে ঋণ বিতরণ



বান্দরবান সদর উপজেলা মহিলা উন্নয়ন বিভাগের ০২ টি মহিলা সমবায় সমিতির ২৮ জন সদস্যের মধ্যে ৯,২০,০০০/- লক্ষ টাকা এবং আবর্তক ঋণ কর্মসূচির ০১ টি কৃষক সমবায় সমিতির ১৪ জন সদস্য মধ্যে ৫,৫৪,০০০/- টাকা ঋণ বিতরণ করেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ সেলিম।



খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বক্স কালভার্ট নির্মাণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় মাইসছড়ি গ্রামের কাঁচা রাস্তায় পানি সরবরাহ এবং মানুষের যাতায়াতের সুবিধা এবং গ্রামের মানুষের চাহিদার প্রেক্ষিতে একটি বক্স কালভার্ট নির্মাণ করা হয়েছে। ফলে গ্রামের জনগণের যোগাযোগের ক্ষেত্রে সুবিধা পাচ্ছে। এভাবেই বিআরডিবি পল্লী জনপদের উন্নয়নে কাজ করছে।

খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় পিআরডিপি -৩ প্রকল্পের আওতায় ধুমনীঘাট গ্রামে পাহাড়ী রাস্তা নির্মাণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ধুমনীঘাট গ্রামের লোকদের যাতায়াতের সুবিধার কথা বিবেচনা করে একটি পাহাড়ী রাস্তা নির্মাণ করা হয়েছে। ফলে খুব সহজে গ্রামের লোকজন তাদের পাহাড়ী বাড়ীতে উঠা নামা করতে পারছে। এভাবেই বিআরডিবি পল্লীর জনগণ ও জনপদের উন্নয়নে কাজ করছে।

খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় সমিতিতে সাপ্তাহিক উঠান বৈঠক নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে



খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় সকল সমবায় সমিতি ও পল্লী উন্নয়ন দলের সাপ্তাহিক উঠান বৈঠক নিয়মিত করার উদ্যোগ নিয়েছে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রাজ্জাক। তিনি উপজেলার প্রতিটি সমিতি/দলের সদস্যদের নিয়মিত উপস্থিতিতে উঠান বৈঠক আয়োজন করছেন। ফলে সমিতিতে প্রাণ চাঞ্চল্য ফিরে এসেছে এবং সমিতির সদস্যগণ নিয়মিত সাপ্তাহিক উঠান বৈঠকে অংশগ্রহণসহ শেয়ার ও সঞ্চয় নিয়মিত জমা দিচ্ছেন। এছাড়া ঋণের সাপ্তাহিক কিস্তি আদায়ের ক্ষেত্রেও অনেক সুবিধা হচ্ছে। এজন্য ঋণ খেলাপীর পরিমাণ কমে যাচ্ছে।

ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বক্স কালভার্ট নির্মাণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় রসুলপুর পশ্চিম গ্রামের কাঁচা রাস্তায় পানি সরবরাহ এবং মানুষের যাতায়াতের সুবিধা এবং গ্রামের মানুষের চাহিদার প্রেক্ষিতে একটি বক্স কালভার্ট নির্মাণ করা হয়েছে। ফলে গ্রামের জনগণের যোগাযোগের ক্ষেত্রে সুবিধা পাচ্ছে। এভাবেই বিআরডিবি পল্লী জনপদের উন্নয়নে কাজ করছে।



শেরপুর জেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি-কে ফুলেল শুভেচ্ছা প্রদান



শেরপুর জেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নবযোগদানকৃত মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন বিআরডিবি'র শেরপুর জেলার উপপরিচালক (ভারঃ) জনাব মোঃ মোশাররফ হোসেন।

নারায়নগঞ্জ জেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য এমপি-কে ফুলেল শুভেচ্ছা প্রদান



নারায়নগঞ্জ জেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নবযোগদানকৃত মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য এমপি-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন বিআরডিবি'র উপপরিচালক (ভারঃ) জনাব সামসুন্নাহার। এ সময় নারায়নগঞ্জ জেলার জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

এস এম ই মেলায় বিআরডিবি'র আওতাধীন গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের আওতায় স্থাপিত “পল্লী বাজার” স্টল

